শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
www.lgd.gov.bd

নং- ৪৬.০০.০০০০.০৩৯.১৮.০০৮.২০২০- ৬৮৫

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ করোনা ভাইরাস প্রাদুর্ভাব মোকাবেলা সংক্রান্ত।**

সারাবিশ্বে করোনা ভাইরাসের সংক্রমণ দেখা দিয়েছে। বাংলাদেশে করোনা ভাইরাস প্রাদুর্ভাব মোকাবেলায় সরকার নানাবিধ প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ করেছে। প্রতিরোধমূলক কার্যক্রমের মধ্যে পরিস্কার-পরিচ্ছন্নতা অন্যতম এবং হ্যান্ড স্যানিটাইজার এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। স্থানীয় পর্যায়ে হ্যান্ড স্যানিটাইজার অপ্রতুল ও মূল্য বেশি হওয়ায় জেলা প্রশাসনের উদ্যোগে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাথে সমন্বয় করে নিম্নবর্ণিত ফর্মূলায় নিজস্ব উদ্যোগে হ্যান্ড স্যানিটাইজার তৈরি করা যেতে পারে: ১) ইথানল বা ইথাইল অ্যালকোহল -১৬০ মি.লি. ২) গ্লিসারিন-১০ মি.লি. ৩) সাইট্রাল (লেমন অয়েল)-১০ ফোটা, ৪) পানি-৩০ মি.লি.। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাথে সমন্বয় করে হ্যান্ড স্যানিটাইজার তৈরির রেক্টিফাইড স্পিরিট (৯৫%) সংগ্রহপূর্বক স্থানীয় পর্যায়ে বিতরণ করা যেতে পারে।

এমতাবস্থায়, করোনা ভাইরাস প্রাদুর্ভাব মোকাবেলা কার্যক্রমের অংশ হিসেবে উদ্ভূত বিশেষ পরিস্থিতিতে জরুরিভিত্তিতে হ্যান্ড স্যানিটাইজার তৈরির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তি: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া এর পত্র।

২৩/৩/২০২০

**হেলালুদ্দীন আহমদ**
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন

জেলা প্রশাসক
সকল

| মহাপরিচালকের কার্যালয় | |
|---|---|
| অতিরিক্ত মহাপরিচালক | |
| পরিচালক (প্রশাসন) | |
| পরিচালক (অপারেশনস) | |
| পরিচালক (নিরোধ শিক্ষা) | |
| পরিচালক (চিকিৎসা পুর্নবাসন) | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সহকারী পরিচালক (বোর্ড) | |
| ডকেট নং ৪৪৬২ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, বগুড়া

রাহুল সেন্টার, জেলখানা রোড, জলেশ্বরীতলা, বগুড়া
**E-mail: ddbogra@dnc.gov.bd**

নং-৫৮.০২.১০০০.১৫৫.০২.০৩০.২০- ১২২

তাং ০৮ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২০ খ্রিঃ

বিষয় ঃ বগুড়া জেলা পুলিশ ফোর্সদের করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে হ্যান্ড স্যানিটাইজার হিসাবে ব্যবহারের জন্য এ্যালকোহল/ইথানল সরবরাহ প্রসঙ্গে।

সূত্র ঃ বগুড়া পুলিশ সুপারের কার্যালয়, স্মারক নং-পুঃঅঃবগুড়া/১৩০৩ তারিখ ১৯/০৩/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী অধ্যুষিত অঞ্চলের মধ্যে বগুড়া জেলা পঞ্চম এবং বগুড়া জেলায় ২২৮ জনকে হোম কোয়ারেন্টিনে রাখা হয়েছে। করোনাভাইরাস প্রতিরোধে স্থানীয় পুলিশ ও জেলা প্রশাসন বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে। প্রতিরোধমূলক বিভিন্ন ব্যবস্থার মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা অন্যতম এবং হ্যান্ড স্যানিটাইজার এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু বগুড়া জেলায় হ্যান্ড স্যানিটাইজার অপ্রতুল ও দাম বেশী হওয়ায়, বগুড়া জেলা পুলিশ নিজস্ব উদ্যোগে বিনামূল্যে বিতরণের জন্য (পুলিশ ফোর্স ও সংশ্লিষ্ট হাসপাতালসমূহ) তৈরির উদ্যোগ গ্রহণ করেছে। প্রাথমিকভাবে হ্যান্ড স্যানিটাইজার তৈরির জন্য নিম্নরূপ রেসিপি অনুসরণ করবে। (১) ইথানল বা ইথাইল অ্যালকোহল -১৬০ মিলি (২) গ্লিসারিন- ১০ মিলি (৩) সাইট্রাল (লেমন অয়েল)-১০ ফোটা (৪) পানি-৩০ মিলি।

উপরোক্ত রেসিপিটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগ কর্তৃক সুপারিশকৃত ( দৈনিক ইত্তেফাক, বেট ভার্সন, ২১ মার্চ ২০২০)। প্রতিটি বোতল হবে ২০০ মিলি। সুতরাং এ হিসাবে চাহিদা মোতাবেক ২ ড্রাম অর্থাৎ ৪০০ লিটার রেক্টিফাইড স্পিরিট (৯৫%) দিয়ে ২৩৭৫ বোতল হ্যান্ড স্যানিটাইজার তৈরি করা যাবে। সংশ্লিষ্ট ডাক্তার ডাঃ অসীম কুমার সাহার সাথে এ বিষয়ে আলোচনা করা হলো। হ্যান্ড স্যানিটাইজার তৈরির সময় যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। উক্ত রেক্টিফাইড স্পিরিট (৯৫%) নাটোর ডিস্টিলারী থেকে সংগ্রহ করা হবে। বগুড়া জেলা পুলিশের রেক্টিফাইড স্পিরিট (৯৫%) ব্যবহারে কোন লাইসেন্স নেই।

০২। এমতাবস্থায়, রাষ্ট্রীয় সংকটাপন্ন অবস্থায় জরুরী ভিত্তিতে শুধুমাত্র হ্যান্ড স্যানিটাইজার তৈরির নিমিত্তে বগুড়া জেলা পুলিশের অনুকূলে চাহিদা মোতাবেক সরকারী ভ্যাট ও মূল্য পরিশোধ সাপেক্ষে এককালীন দুই ড্রাম অর্থাৎ ৪০০ লিটার রেক্টিফাইড স্পিরিট (৯৫%) উত্তোলনের বিশেষ অনুমতি প্রদানের সুপারিশ করা হলো।

সংযুক্ত ঃ এক পাতা।

22.03.2020
মোঃ মেহেদী হাসান
উপ- পরিচালক (ভারপ্রাপ্ত)

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪১ সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

অনুলিপি কার্যার্থে ঃ

০১। জেলা প্রশাসক / পুলিশ সুপার, বগুড়া।
০২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
০৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১,সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.dnc.gov.bd

নং- ৫৮.০২.০০০০.০০৮.১৮.১০.১০/৩৩২

তারিখ: ০৯ চৈত্র ১৪২৭
২৩ মার্চ, ২০২০

বিষয় : "জেলা প্রশাসক"দিনাজপুর এর অনুকূলে Hand Sanitizer তৈরীর উপাদান হিসাবে ব্যবহারের জন্য রেক্টিফাইড স্পিরিট ব্যবহারের বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র : জেলা কার্যালয়, দিনাজপুর এর পত্র সংখ্যা-১২০(৫); তারিখ: ২৩/০৩/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের চাহিদা মোতাবেক শুধুমাত্র হ্যান্ড স্যানিটাইজার তৈরীর লক্ষে জেলা প্রশাসক, দিনাজপুর এর অনুকূলে সরকারী ভ্যাট ও মূল্য পরিশোধ সাপেক্ষে এককালীন ৫০০(পাঁচশত) লিটার রেক্টিফাইড স্পিরিট (৯৫%) উত্তোলনের বিশেষ অনুমতি প্রদান করা হলো।

২৩/৩/২০২০

(এস, এম, জাকির হোসেন)
(যুগ্মসচিব)
পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ০২-৪৮৩২২১৯৬
E-mail: dirtr@dnc.gov.bd

সহকারী পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, দিনাজপুর।

অনুলিপি:

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।